ধর্মীয় সংখ্যালঘু জনগোষ্ঠীর ওপর সংঘটিত হামলা ও নিপীড়ন: ছয়মাসের প্রতিবেদন

দীপংকর গৌতম

দখল লুণ্ঠনের ভর করে পুঁজি সঞ্চয়নে উন্মত্ত বাংলাদেশের ক্ষমতাবান শ্রেণী ও গোষ্ঠী। এইক্ষেত্রে গরীব জনগণের পাশাপাশি সবচাইতে নাজুক অবস্থায় থাকেন ধর্মীয় ও জাতিগত সংখ্যালঘুরা। বিভিন্ন অজুহাত দেখিয়ে আক্রমণ, সাম্প্রদায়িক সহিংসতা এবং দখল দিনে দিনে আশঙ্কাজনকভাবে বেড়ে চলেছে। ধর্মীয় প্রতিষ্ঠানে হামলা, প্রতিমা ভাঙচুর থেকে শুরু করে সংখ্যালঘু সম্প্রদায়ের বাড়িঘর ও জমিজমা লুট করার সব ঘটনা জানাও যায় না। অনেক ক্ষেত্রে হিন্দু সম্প্রদায়ের সদস্যদের মারধর করে এবং ভয়ভীতি প্রদর্শন করে তাদের দেশ ত্যাগ করার হুমকিও দেওয়া হয়ে থাকে। ঘটনাগুলো পর্যবেক্ষণ করলে দেখা যায়, এই সকল হামলা এবং জবরদখলের ঘটনার সঙ্গে বেশির ভাগ ক্ষেত্রেই জড়িয়ে থাকে এলাকার প্রভাবশালী মহল তথা আওয়ামী লীগ বা বিএনপি-জামায়াতের নেতা-কর্মীরা। এইসব ঘটনার কোনো বিচারও দেখা যায় না। এখানে সংবাদপত্রের সূত্রে ২০১৪ সালের মার্চ থেকে সেপ্টেম্বর পর্যন্ত সংঘটিত বিভিন্ন সহিংসতা ও হামলার তালিকা উপস্থিত করা হলো।

সূত্র	ক্ষতিগ্রস্ত এলাকা/গ্রাম	ঘটনার ধরণ	ঘটনার বিবরণ
মার্চ			
দৈনিক ইত্তেফাক, ৫ মার্চ	রাজাপুর, ঝালকাঠি	হামলা, প্রতিমা ভাঙচুর	মন্টু বিশ্বাসের বাড়িতে হামলা করে একদল দুর্বৃত্ত। একই সময়ে তারা পারিবারিক মন্দিরের প্রতিমাও ভাঙচুর করে। এ ঘটনায় আহত হয় পাঁচজন।
দৈনিক ইত্তেফাক, ৫ মার্চ	চৌমুহনী, নোয়াখালী	হামলা	কুতুবপুর গ্রামের কবিরাজবাড়ির মৃত চিত্তরঞ্জন দেবনাথের বসতবাড়ির পাশে একই এলাকার সাবেক এক মেম্বার তার ছেলেদের নিয়ে মাটি কাটার সময় বিধবা উষা রানী (৭০) তাদের মাটি কাটতে নিষেধ করলে তারা উষা রানীসহ পরিবারের সদস্যদের লাঠি দিয়ে পেটাতে থাকে। মামলার প্রস্তুতি চলছে।
দৈনিক সংবাদ, ৫ মার্চ	শ্রীপুর, গাজীপুর	হামলা	গভীর রাতে পৌর এলাকার মাওনা পেয়ার আলী বিশ্ববিদ্যালয় কলেজের প্রভাষক গোলক চন্দ্র দাসের বসতবাড়ির সীমানা প্রাচীর ভাঙচুর করেছে সশস্ত্র একদল সন্ত্রাসী। রাস্তা নির্মাণের জন্য জায়গা ছেড়ে দেওয়ার পরও অযৌক্তিভাবে অতিরিক্ত জায়গা দাবি করে আসছিল স্থানীয় প্রভাবশালী মোস্তফা, কামাল ও মানিক মামলা হয়েছে।
দৈনিক জনকণ্ঠ, ৭ মার্চ	নওগাঁ	জবরদখল	শাহীন ও টিপু নামের দুই দখলকারীসহ বেশ কয়েকজন সশস্ত্র সন্ত্রাসী মেসার্স ইস্টার্ন প্রোডিউস লিমিটেড নামের এক সংখ্যালঘুর প্রতিষ্ঠান দখলের চেষ্টা চালায়। পরে পুলিশ এসে সন্ত্রাসীদের হাত থেকে প্রতিষ্ঠানটি উদ্ধার করে।
দৈনিক জনকণ্ঠ, ৮ মার্চ	সাতকানিয়া, চট্টগ্রাম	অগ্নিসংযোগ	বৃহস্পতিবার রাতে একদল দুর্বৃত্ত সাতকানিয়া উত্তর ঢেমশা বড়ুয়া পাড়ায় সুবীর বড়ুয়ার বাড়িতে অগ্নিসংযোগ করলে পুড়ে ছাই হয়ে যায় ৫টি বসতবাড়ি।
দৈনিক সংবাদ, ১১ মার্চ	সদর, লালমনিরহাট	দোকান লুট	সোমবার রাতে কুলাঘাট বাজারের শ্রী নয়ন চন্দ্র নামের এক ব্যক্তির ইলেকট্রিক্যাল দোকানের সব মালামাল লুট করে একদল দুর্বৃত্ত। এ ঘটনায় ছাত্রলীগ এবং যুবদল জড়িত বলে অভিযোগ উঠেছে।
দৈনিক জনকণ্ঠ, ১৬ মার্চ	রায়পুর, লক্ষ্মীপুর	অগ্নিসংযোগ	শনিবার ভোরে চরপাতা গ্রামের ব্যবসায়ী সুবাস চন্দ্র মজুমদারের বসতঘরে দুর্বৃত্তরা অগ্নিসংযোগ করে। এতে স্বর্ণালংকার ও টাকাসহ ৫ লক্ষাধিক টাকার মালামাল ক্ষতি হয়েছে।
দৈনিক সংবাদ, ১৮ মার্চ	বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ	জমি দখল	পলাশ ইউনিয়নের মাঝাইর গ্রামের মৃত রায়চরণ দাসের ছেলে রামকৃষ্ণ দাসের জমি একই গ্রামের প্রভাবশালী মৃত জাহেদ আলীর ছেলে করম আলী ও তার ৩ ছেলে আত্মীয়স্বজনসহ গত ২২ ফেব্রুয়ারি জোরপূর্বক দখল করে নিয়ে পাকা ঘর নির্মাণ শুরু করে। থানায় জিডি করার পর পুলিশ ঘর নির্মাণে নিষেধাজ্ঞা দিলেও তা অমান্য করে কাজ চলছে।
দৈনিক সংবাদ, ২২ মার্চ	ফকিরহাট, বাগেরহাট	মন্দিরে আগুন	টাওন নওয়াপাড়া এলাকায় শৈলেন্দ্র নাথের বাড়ির পারিবারিক মন্দিরে আগুন দিয়েছে দুর্বৃত্তরা।
দৈনিক ইত্তেফাক, ২২ মার্চ	যশোর	প্রতিমা ভাঙচুর	নীলগঞ্জ মহাশ্মশানে নামযজ্ঞ চলাকালে মন্দিরের ৩টি প্রতিমা ভাঙচুর করেছে দুর্বৃত্তরা। এ ঘটনায় আবু সাঈদ নামে একজনকে আটক করেছে পুলিশ।

সূত্র	ক্ষতিগ্রস্ত এলাকা/গ্রাম	ঘটনার ধরণ	ঘটনার বিবরণ
এপ্রিল			
দৈনিক সংবাদ, ১ এপ্রিল	বোয়ালমারী, ফরিদপুর	মন্দিরে চুরি	গভীর রাতে দুর্বৃত্তরা মন্দিরের তালা ভেঙে আনুমানিক ৪ ভরি স্বর্ণ, ৫ ভরি রুপা এবং ৫ হাজার টাকা চুরি করে নিয়ে যায়।
দৈনিক সংবাদ, ২ এপ্রিল	গৌরনদী, বরিশাল	মন্দিরে আগুন	গভীর রাতে আধুনা গ্রামের সেনের বাজারের সর্বজনীন কালী ও দুর্গা মন্দিরে পেট্রোল ছিটিয়ে অগ্নিসংযোগ করেছে দুর্বৃত্তরা। এতে মন্দিরের আংশিকসহ ছয়টি প্রতিমা ভস্মীভূত হয়েছে।
দৈনিক সমকাল, ১৮ এপ্রিল	আদিতমারী, লালমনিরহাট	মন্দিরে আগুন	রাতে ভোলারদীঘি রাধাগোবিন্দ দুর্গামন্দিরে অগ্নিসংযোগ করে একদল দুর্বৃত্ত। এতে মন্দিরের একাংশ পুড়ে গেছে। এ ঘটনায় মামলা হয়েছে।
দৈনিক জনকণ্ঠ, ১৮ এপ্রিল	গৌরনদী, বরিশাল	তরুণী ধর্ষিত	প্রেমিকের সঙ্গে দেখা করতে এসে চার বখাটের দ্বারা ধর্ষণের শিকার হয়েছেন সংখ্যালঘু এক তরুণী। স্থানীয় প্রভাবশালীরা বিষয়টি ধামাচাপা দেওয়ার জন্য মরিয়া হয়ে উঠেছেন। পুলিশ ধর্ষণের শিকার মেয়েটির জবানবন্দি নিয়েছে।
দৈনিক জনকণ্ঠ, ২৫ এপ্রিল	রায়গঞ্জ, সিরাজগঞ্জ	প্রতিমা ভাঙচুর	রাতে গ্রামপাঙ্গাসী কালীমন্দিরে হামলা চলিয়ে ৬টি প্রতিমা ভাঙচুর করেছে দুর্বৃত্তরা। এ ঘটনায় পুলিম ২ জনকে গ্রেফতার করেছে।
দৈনিক জনকণ্ঠ, ২৫ এপ্রিল	কাপাসিয়া, গাজীপুর	প্রতিমা ভাঙচুর, মাছ লুট	কাপাসিয়ায় একটি সরকারি পুকুর লিজ দেওয়াকে কেন্দ্র করে বৃহস্পতিবার সকালে একটি মন্দিরের প্রতিমা ভাঙচুর ও পুকুরের মাছ লুট করে নিয়েছে দুর্বৃত্তরা।
দৈনিক জনকণ্ঠ, ২৫ এপ্রিল	সদর, পাবনা	বাড়িছাড়া	১ মাস ২৫ দিন পর কিশোরী মেয়েকে পুলিশ প্রশাসনের সহায়তায় উদ্ধার করেছেন রতন কুমার পাল। পাশের গ্রামের শাহজাহান আলীর ছেলে রকি প্রলোভন দেখিয়ে মেয়েটিকে নিয়ে পালিয়ে যায়। কিন্তু শাহজাহান আলী উপর্যপুরি চাপ প্রয়োগ এবং ভয়ভীতি দেখানোর কারণে মেয়েটির পরিবার এখন বাড়ি ছেড়ে পালিয়ে বেড়াচ্ছে।
দৈনিক সমকাল, ২৬ এপ্রিল	সদর, নেত্রকোনা	প্রতিমা ভাঙচুর	রাতে দুটি কালীমন্দিরে হামলা চালিয়ে ১২টি প্রতিমা ভাঙচুর করেছে দুর্বৃত্তরা। জেলা শহরের সাতপাই মগড়া নদীর তীরে একতা সংঘের কালীমন্দির ও সদর উপজেলার রৌহা ইউনিয়নের গোপালপুর শ্মশানঘাট কালীমন্দির এই হামলার শিকার হয়।
দৈনিক সমকাল, ২৬ এপ্রিল	সদর, শরীয়তপুর	প্রতিমা ভাঙচুর	সন্ধ্যায় চাঁদসার নুরানী হাফেজিয়া মাদ্রাসার ছাত্ররা পাটানির্গাও গ্রামের দুর্গামন্দিরে হামলা করে প্রতিমা ভাঙচুর করে। স্থানীয় লোকজন এ সময় মাদ্রাসার দুই ছাত্রকে আটক করে পুলিশের হাতে তুলে দিলে পুলিশ পরে স্থানীয় আওয়ামী লীগ নেতাদের হস্তক্ষেপে তাদের ছেড়ে দেয় বলে জানা যায়।
দৈনিক সমকাল, ২৬ এপ্রিল	ফুলবাড়িয়া, ময়মনসিংহ	অগ্নিসংযোগ	গভীর রাতে জমি সংক্রান্ত বিরোধের জের ধরে স্থানীয় রমজান ও তার ছেলেরা বক্তা ইউনিয়নের মাঝিবাড়ির হিন্দু পরিবারের ২টি ঘরে অগ্নিসংযোগ করে। পুলিশ রমজান আলীর ছেলে নুরল ইসলামকে গ্রেফতার করেছে।
দৈনিক জনকণ্ঠ, ২৬ এপ্রিল	ফরিদপুর, পাবনা	শ্লীলতাহানি, বাড়িঘর ভাঙচুর	কালিয়ানী গ্রামের সংখ্যালঘু যুবক কর্তৃক এক মুসলিম স্কুলছাত্রীকে শ্লীলতাহানির চেষ্টার ঘটনাকে কেন্দ্র করে অন্তত ৮টি সংখ্যালঘু পরিবারের বাড়িঘর লুটপাট, ভাঙচুর ও পুলিশকে মারধর করেছে স্থানীয় জনগণ।
দৈনিক জনকণ্ঠ, ২৮ এপ্রিল	হোমনা, কুমিল্লা	মন্দির ও বাড়িঘরে হামলা, ভাঙচুর	ফেসবুকে হজরত মুহাম্মদ (সা.)-কে নিয়ে কটাক্ষ করা হয়েছে এমন গুজব ছড়িয়ে পড়ায় হোমনায় হিন্দু অধ্যুষিত ১টি মন্দির ও কমপক্ষে ৩০-৩৫টি বাড়িঘরে ব্যাপক হামলা ও ভাঙচুরের ঘটনা ঘটেছে। রবিবার বিকেলে জামায়াতে ইসলামী এবং হেফাজতের ক্যাডাররা এই হামলা ও ভাঙচুর চালায় বলে অভিযোগ করেছে ক্ষতিগ্রস্তরা।
দৈনিক জনকণ্ঠ, ৩০ এপ্রিল	নাচোল, চাঁপাইনবাবগঞ্জ	মন্দির ভাঙচুর	একদল দুর্বৃত্ত একটি প্রাচীন মন্দিরের ওপর হামলা চালায়। এ সময় পুলিশ ৯ জনকে আটক করে। স্থানীয় বাসিন্দা নুরুল ইসলাম মন্দিরের জায়গাটি নিজের বলে দাবি করে আসছিল।
মে			
দৈনিক সংবাদ, ৩ মে	রানীনগর, নওগাঁ	গৃহবধূ অপহৃত	২০ দিনেও উদ্ধার হয়নি সংখ্যালঘু পরিবারের এক গৃহবধূ। স্বামীর অনুপস্থিতিতে চিহ্নিত দুর্বৃত্তরা তাকে অপহরণ করে। এ ঘটনায় ৫ জনকে আসামি করে মামলা দায়ের করা হয়েছে।

সূত্র	ক্ষতিগ্রস্ত এলাকা/গ্রাম	ঘটনার ধরণ	ঘটনার বিবরণ
দৈনিক সংবাদ, ৩ মে	হোমনা, কুমিল্লা	বাড়ি-মন্দিরে হামলা	কুমিল্লার হোমনাসহ দেশের বিভিন্ন স্থানে হিন্দুদের বাড়িঘরে লুটপাট ও অগ্নিসংযোগ করা হয়েছে। এ ছাড়া হিন্দুদের দেশ থেকে বিতাড়িত করার হুমকিসহ নানা ধরনের ভয়ভীতি দেখানো হচ্ছে।
দৈনিক সংবাদ, ৭ মে	শ্রীনগর, মুন্সীগঞ্জ	মহানাম যজ্ঞ কুণ্ডলী ভেঙেছে	শ্রীনগরের বাগরা ইউনিয়নে হিন্দুদের বাসুদেব মন্দিরে মহানামযজ্ঞ অনুষ্ঠানে কুণ্ডলী লাথি দিয়ে ভেঙে এ অনুষ্ঠান নিয়ে কটূক্তি করেছেন এএসআই নুরল ইসলাম।
দৈনিক সংবাদ, ৮ মে	দিনাজপুর	হামলা-ভাঙচুর	দিনাজপুর শহরের রাজবাটিতে (তামুলীপাড়ায়) দেশীয় অস্ত্রশস্ত্রে সজ্জিত হয়ে একদল দুর্বৃত্ত শারীরিক প্রতিবন্ধী একটি সংখ্যালঘু পরিবারের ওপর হামলা ও ভাঙচুর চালায়। দুর্গাপদ দাসের ছেলে চন্দন দাস এ হামলায় আহত হয়। চন্দন দাস বাদী হয়ে ৬ জনের নাম উল্লেখ করে ও অজ্ঞাত ৭ জনের নামে মামলা দায়ের করে।
দৈনিক সংবাদ, ৮ মে	গাইবান্ধা	জমি দখল করে ভবন নির্মাণ	গাইবান্ধা সদরের ধানগড়া গ্রামের জগমোহন চন্দ্র দাসের পৈতৃক সম্পত্তি সন্ত্রাসী কায়দায় জবরদখল করে সেখানে দোতলা ভবন নির্মাণ করেছে একই গ্রামের আমিনুর রহমানের ছেলে রুবেল মিয়া। এ ব্যাপারে প্রতিবাদ করলে পরিবারটিকে জীবননাশের হুমকি দেওয়া হয়েছে।
দৈনিক জনকণ্ঠ, ১২ মে	সদর, ভোলা	ডাকাতি	ভোলায় ৩ সপ্তাহের ব্যবধানে সংখ্যালঘুদের ১৫-২০টি বাড়ি ও অফিসে ডাকাতি হয়েছে। ডাকাতরা শতাধিক ভরি স্বর্নালংকার ও লক্ষাধিক টাকা লুটে নিয়েছে। এরা কুপিয়ে ও গুলিবর্ষণ করে আহত করেছে ১০ জন কে। সাধারণ মানুষ পুলিশের ভূমিকায় ক্ষিপ্ত।
দৈনিক সমকাল, ১২ মে	আটপাড়া, নেত্রকোনা	হামলা	নেত্রকোনার আটপাড়া উপজেলার লুনেশ্বর ইউনিয়নের রানীগাঁও গ্রামের মনোরঞ্জন সরকারের বাড়িতে হামলা চালায় মোহনগঞ্জের পাবই গ্রামের লোকজন। হামলায় নারী, বৃদ্ধসহ কমপক্ষে ১০ জন আহত হয়েছে। গুরুতর আহত ৪ জন হাসপাতালে ভর্তি হয়েছে। জমির আল দিয়ে গৃহপালিত হাঁস হেঁটে যাওয়ায় এই হামলা হয়। দোকান থেকে এই পরিবারের পরিমল সরকার বাড়ি ফেরার পথে হামলাকারীরা তার কাছ থেকে ৭০ হাজার টাকা ছিনিয়ে নেয়। এ ব্যাপারে ৭ জনকে আসামি করে আটপাড়া থানায় মামলা দায়ের করেছেন পরিমল চন্দ্র সরকার।
দৈনিক জনকণ্ঠ, ১৫ মে	নাটোর	মন্দিরে আগুন, প্রতিমা ভাঙচুর	গভীর রাতে নাটোরের লালপুরে নওপাড়া দুর্গামন্দির থেকে প্রতিমা বের করে ভেঙে ফেলেছে দুর্বৃত্তরা। স্থানীয় সংসদ সদস্য আবুল কালাম আজাদ এ ঘটনার জন্য জামায়াত-শিবিরকে দায়ী করেন।
দৈনিক সংবাদ, ১৫ মে	রায়পুর, লক্ষ্মীপুর	চলাচলের সেতু ভাঙচুর	লক্ষ্মীপুর-রায়পুর সড়কের পাশে রাখালিয়া গ্রামে ২০টি হিন্দু পরিবারের চলাচল বন্ধ করতে এলাকার প্রভাবশালী শেখ আহমেদ চৌধুরী লোকজন নিয়ে সেতুটি ভেঙে ফেলেছেন। এসব পরিবারকে উচ্ছেদের জন্য এ অঘটনটি ঘটানো হয়েছে বলে এলাকাবাসীর অভিযোগ।
দৈনিক সংবাদ, ১৫ মে	ফটিকছড়ি, চট্টগ্রাম	বসতঘর নির্মাণে বাধা ও প্রাণনাশের হুমকি	একটি হিন্দু পরিবারকে বসতঘর নির্মাণে বাধা দিচ্ছে স্থানীয় সন্ত্রাসীরা। সন্ত্রাসীরা ঘরের আসবাবপত্র ভাঙচুর করে, নির্মাণ সরঞ্জাম ও ৩৫ হাজার টাকা লুটে নেয়। তারা প্রতিনিয়ত প্রাণনাশের হুমকি দিয়ে যাচ্ছে। প্রশাসনের কাছে অভিযোগ করা সত্ত্বেও তারা নীরব ভূমিকা পালন করছে।
আমাদের সময়, ১৫ মে	লালপুর, নাটোর	মন্দিরে আগুন, প্রতিমা ভাঙচুর	নওপাড়া শ্রীশ্রী মা শক্তি দুর্গামন্দিরের দুটি প্রতিমা ভেঙে ফেলে ও আগুন লাগিয়ে দেয় অজ্ঞাতপরিচয় ব্যক্তিরা। লালপুর থানার ওসি ঘটনাস্থল পরিদর্শন করেছেন।
দৈনিক সংবাদ, ১৫ মে	ভালুকা, ময়মনসিংহ	উচ্ছেদ আতঙ্ক	উপজেলার মামারিশপুর গ্রামের মৃত অনুরাম বৈরাগীর বাড়িতে স্থানীয় সন্ত্রাসী হারুনর রশীদ দেশীয় অস্ত্রে সজ্জিত ৭০-৮০ জনকে নিয়ে হামলা চালায় ও বাড়িসংলগ্ন খালি জমিতে ছাপরাঘর নির্মাণ করে। বাড়িতে বিধবা বিমলা রানী তার দুই মেয়েকে নিয়ে চরম আতঙ্কে দিন কাটাচ্ছে। প্রশাসন নীরব দর্শক।

সূত্র	ক্ষতিগ্রস্ত এলাকা/গ্রাম	ঘটনার ধরণ	ঘটনার বিবরণ
দৈনিক ইত্তেফাক, ১৯ মে	রামু, কক্সবাজার	জমি দখল	উপজেলার কচ্ছপিয়া ইউনিয়নের গর্জনিয়া বাজারে দুটি সংখ্যালঘু পরিবারের বসতঘর ও দোকান গুঁড়িয়ে দিয়ে সেখানে নতুন দোকানঘর নির্মাণ শুরু করেছে দখলকারীরা। স্থানীয় চেয়ারম্যানের ইন্ধনে এই জবরদখলের ঘটনা ঘটেছে।
দৈনিক সমকাল, ১৯ মে	তিতাস, কুমিল্লা	হামলা	উপজেলার হরিণপুর গ্রামের যুগেন্দ্র সরকারের কাছে বিদ্যুৎ সংযোগ দিতে ৩ লাখ টাকা চায় স্থানীয় আওয়ামী লীগ নেতা আলাউদ্দিন এলাহী। যুগেন্দ্র সরকার সংযোগ পাওয়ার পরে টাকা দিতে চাইলে এই নেতা তার বাহিনী নিয়ে সে বাড়িতে ভাঙচুর ও হামলা চালায় । এ ঘটনায় ৪ জন আহত হয়।
দৈনিক সংবাদ, ২০ মে	ঈশ্বরদী,পাবনা	হামলা	শহরের প্রধান বাজারে বিল্টু কর্মকারের বাড়িতে হামলা করে জাতীয় পার্টির নেতা হায়দার আলী। জায়গা দখল নিয়ে এই হামলা হয়েছে। কর্মকারপাড়া জুড়ে চলছে আতঙ্ক।
দৈনিক সংবাদ, ২২ মে	ঈশ্বরদী,পাবনা	জমি দখল	ঈশ্বরদীতে হিন্দু এক স্বর্ণ ব্যবসায়ীর ৪০ লক্ষাধিক টাকার জায়গা দখল করেছে জাতীয় পার্টির নেতা হায়দার আলী। এ সময় তার মাস্তান বাহিনী ব্যাপক হামলা চালায়। পরিবারটি নিরাপত্তাহীন হওয়ায় মামলা করার সাহস পাচ্ছে না।
দৈনিক জনকণ্ঠ, ২২ মে	নওগাঁ	লাশ সৎকারে বাধা	রাস্তা নিয়ে বিরোধের কারণে সমাজচ্যুত হয়েছে ৪ হিন্দু পরিবার। এর মধ্যে একজনের মৃত্যুর পর তার লাশ সৎকার করতে গেলে সমাজের প্রভাবশালীরা ব্যাপক মারধর করে।
দৈনিক জনকণ্ঠ, ২২ মে	ঈশ্বরদী,পাবনা	জমি দখল	এক স্বর্ণ ব্যবসায়ীর ৪০ লক্ষাধিক টাকার জায়গা দখল করেছে জাতীয় পার্টির নেতা হায়দার আলী। এ সময় তার মাস্তান বাহিনী ব্যাপক হামলা চালায়। পরিবারটি নিরাপত্তাহীন হওয়ায় মামলা করার সাহস পাচ্ছে না।
দৈনিক জনকণ্ঠ, ২২ মে	দিনাজপুর	জমি দখল	১২টি সংখ্যালঘু পরিবারের নিরাপত্তা নিশ্চিতকরণসহ ৩১৯ শতক জমি সন্ত্রাসীদের কবল থেকে উদ্ধারের জন্য জেলা প্রশাসনের সাহায্য চেয়ে আবেদন করেছে।
দৈনিক সমকাল, ২৩ মে	মুক্তাগাছা, মাদারীপুর	হামলা	উপজেলার সত্রাশিয়া এলাকার নিমাই মাস্টারের জমি দখলের পর বাড়িতে হামলা চালিয়েছে স্থানীয় সন্ত্রাসী সাহেব আলী ও তার লোকজন।
দৈনিক সংবাদ, ২৩ মে	মীরসরাই, চট্টগ্রাম	শ্মশান দখল	উপজেলার জোরারগঞ্জ ইউনিয়নের গোপীনাথপুর গ্রামে হিন্দুদের দুইশ বছরের পুরনো একটি শ্মশান দখল করেছে ভূমিদস্যু ফারুক।
দৈনিক সংবাদ, ২৪ মে	সারা দেশ	আতঙ্কে আদিবাসী	নিজামী ও সাঈদীর মামলার সম্ভাব্য দিনক্ষণ ঘনিয়ে আসায় আতঙ্কে আদিবাসী ও সংখ্যালঘু সম্প্রদায়।
দৈনিক ইত্তেফাক, ২৪ মে	মান্দা, নওগাঁ	মন্দিরের সম্পত্তি দখল	উপজেলার সিংগী বাজারে কাঁশোপাড়া ইউপি চেয়ারম্যান ইয়াদ আলী মন্দিরের জায়গা দখল করে পাকা ঘর তৈরি করেছে। কোনো মামলা হয়নি।
দৈনিক সংবাদ, ২৬ মে	পলাশ, নরসিংদী	মন্দির ও বাড়ি ভাঙচুর	উপজেলার বাঘা গ্রামে টাকশাল গ্রামের আক্কেল আলী ও শাহদাতের নেতৃত্বে একটি সংঘবদ্ধ চক্র অস্ত্রশস্ত্রে সজ্জিত হয়ে শ্রীশ্রী গোস্বামী সাধুবাবার আশ্রমসহ ৫-৬টি বাড়িতে হামলা চালায়। এতে ১৬ জন আহত হয়। পুলিশ ৩ জনকে গ্রেফতার করেছে।
দৈনিক সংবাদ, ২৭ মে	মান্দা, নওগাঁ	মন্দিরের জায়গা দখল	উপজেলার সিংগী বাজারে কাঁশোপাড়া ইউনিয়নের চেয়ারম্যান ও উপজেলা যুবলীগের সাংগঠনিক সম্পাদক ইয়াদ আলী মণ্ডল বাজারের শিবকালীমন্দির দখল করে ব্যক্তিগত অফিসঘর নির্মাণ করেছে। এ ব্যাপারে হিন্দু সম্প্রদায় কোনো কার্যকর ব্যবস্থা নিতে সাহস পাচ্ছে না।
দৈনিক জনকণ্ঠ, ২৮ মে	কালকিনী, মাদারীপুর	জমি দখল	উপজেলার নবগ্রামে রেখা মলিক নামের এক বিধবার জমি দখল করেছে এলাকার এক প্রভাবশালী। রেখা মলিক দ্বারে দ্বারে ঘুরছেন ন্যায়বিচারের জন্য।
দৈনিক জনকণ্ঠ, ২৮ মে	বাউফল, পটুয়াখালী	বিষ দিয়ে মৎস্য নিধন	দাশপাড়া গ্রামে কানাই নটের পুকুরে বিষ প্রয়োগ করে ২ লাখ টাকার বিভিন্ন প্রজাতির মাছ মেরে ফেলেছে দুর্বৃত্তরা।
দৈনিক জনকণ্ঠ, ২৯ মে	গলাচিপা, পটুয়াখালী	ডাকাতি ,ধর্ষণ	উপজেলার সুতাবাড়িয়া গ্রামের বাবুল আইচের বাড়িতে ডাকাত ঢুকে গৃহবধূকে ধর্ষণ করে ও লুটে নেয় স্বর্ণালংকারসহ ২ লাখ টাকার মালামাল। এরা বিএপির ক্যাডার বলে এলাকাবাসী চিহ্নিত করেছে। এ ব্যাপারে গলাচিপা থানায় মামলা দায়ের করা হয়েছে।

সূত্র	ক্ষতিগ্রস্ত এলাকা/গ্রাম	ঘটনার ধরণ	ঘটনার বিবরণ
দৈনিক জনকণ্ঠ, ৩১ মে	ব্রাহ্মণবাড়িয়া	জমি অধিগ্রহণ বন্ধের দাবি	শহরের দক্ষিণ কালীবাড়ী মন্দিরের ভূমি উড়াল সেতুর জন্য অধিগ্রহণ বন্ধের দাবি জানিয়েছে মন্দির কমিটি। তারা প্রধানমন্ত্রী ও জেলা প্রশাসকের বরাবর স্মারকলিপি প্রদান করে।
দৈনিক জনকণ্ঠ, ৩১ মে	যশোর	জমি দখল	শহরের চুড়িপট্টি এলাকায় পলাশ কুমার সাউয়ের বাড়ি দখল করে বহুতল ভবন নির্মাণ করছে রাশেদ আব্বাস রাজ। তানা পৌরসভার মেয়র অভিযোগ করেও ফল পাচ্ছে না পলাশের পরিবার, বরং দখলদারদের হুমকিতে আতঙ্কের মধ্যে দিন কাটাচ্ছে।
জুন			
দৈনিক জনকণ্ঠ, ২ জুন	শ্রীপুর, মাগুরা	বাড়িতে হামলা	উপজেলার গোয়ালবাড়ি গ্রামের সংখ্যালঘুদের বাড়িঘরে ১ জুন গভীর রাতে হামলা চালানো হয়েছে। রাজেন্দ্রনাথ বিশ্বাস, উপেন্দ্রনাথ বিশাস, স্বপন রায় ও গোপীকান্ত রায় এ হামলার শিকার। এলাকার সন্ত্রাসী বিকু, টিপু, চুন্নু ও লিঠু বহুদিন ধরে তাদের কাছে ৫০ হাজার টাকা দাবি করে আসছিল। উক্ত ৪ সন্ত্রাসীর বিরুদ্ধে থানায় একটি চাঁদাবাজির মামলা দায়ের করা হয়েছে।
-	গৌরনদী, বরিশাল	হিন্দু সম্পত্তি দখল	সুদের টাকা পরিশোধ করতে না পারায় উপজেলার আধুনা গ্রামের মহাজন খালেক সরদার তার লোকজন নিয়ে হামলা চালিয়েছে ব্যবসায়ী উজ্জ্বল দত্তের বাড়িতে। পারিবারিক শ্মশানেও ব্যাপক ভাঙচুর চালানো হয়। তারা প্রাণনাশের ভয়ভীতিও দেখাচ্ছে। মামলা হয়েছে।
-	মুরাদনগর, কুমিল্লা	হামলা-লুট	উপজেলার দারোরা বাজার সংলগ্ন প্রহ্লাদ শীলের বাড়িতে দেশীয় অস্ত্রশস্ত্রে সজ্জিত হয়ে দিনেদুপুরে দলবলসহ হামলা চালিয়েছে স্থানীয় ছাত্রদল নেতা হুমায়ুন মিয়া, বিএনপি নেতা ছানু মিয়া, নান্নু মিয়া ও আবু তাহের। এ ঘটনার পর প্রহ্লাদ শীল বাদী হয়ে মুরাদনগর থানায় ১২ জনের নাম উল্লেখ করে একটি মামলা দায়ের করেছেন।
দৈনিক জনকণ্ঠ, ৪ জুন	উলিপুর, কুড়িগ্রাম	অবরুদ্ধ হিন্দু পরিবার	উপজেলার পৌরসভা সংলগ্ন নারিকেলবাড়ি দীঘিরপাড় গ্রামের ১১টি হিন্দু পরিবার দুই বছর ধরে অবরুদ্ধ হয়ে আছে। সদু নামের স্থানীয় এক প্রভাবশালী ব্যক্তি তাদের জায়গাজমি দুই বছর ধরে আটকে রেখেছে। প্রশাসনের কাছে ধরনা দিয়েও কোনো ফল হচ্ছে না।
দৈনিক সংবাদ, ৫ জুন	ঘিওর, মানিকগঞ্জ	উচ্ছেদের হুমকি	উপজেলার পয়লা গ্রামের দিলীপ দত্তের পরিবারকে প্রকাশ্য দিবালোকে বাড়িঘর ছেড়ে যাওয়ার হুমকি দিয়েছে স্থানীয় একটি প্রভাবশালী চক্র। এ ব্যাপারে দিলীপ দত্তের স্ত্রী গীতা রানী পরিবারের নিরাপত্তা চেয়ে ঘিওর থানায় একটি সাধারণ ডায়েরি করেন।
দৈনিক সমকাল, ১২ মে	পাটগ্রাম, লালমনিরহাট	বেদখল জমি উদ্ধারের দাবি	পাটগ্রামের কমল চন্দ্র সেনের ৬০ শতাংশ জমি জবরদখল করে আছে একই এলাকার কদর আলীর ৬ পুত্র। এ জন্য কমল চন্দ্র সেন প্রশাসনের হস্তক্ষেপে তাঁর জমি উদ্ধারের দাবি জানান। ফেরার পথে হামলাকারীরা তাঁর কাছ থেকে ৭০ হাজার টাকা ছিনিয়ে নেয়। এ ব্যাপারে ৭ জনকে আসামি করে মামলা হয়েছে।
দৈনিক জনকণ্ঠ, ৬ জুন	ভালুকা, ময়মনসিংহ	অস্ত্রের মুখে দলিলে স্বাক্ষর	ভালুকা উপজেলা সদরের অদূরে মামারিশপুর গ্রামের মৃত মোহনবাসীর বিধবা স্ত্রী বিমলা রানী ও তাঁর দুই কন্যাকে অস্ত্রের মুখে জিম্মি করে বাড়ি থেকে তুলে নিয়ে যায় সন্ত্রাসীরা। এ খবর ছড়িয়ে পড়লে পুলিশ তৎপর হয়। এর মধ্যে ভূমিদস্যু মাখন বিমলা রানীকে দিয়ে জমির দলিলে সই করিয়ে বাড়ির সামনে ফেলে রেখে যায়। জানা যায়, দেড় কোটি টাকা মূল্যের জায়গা দখলের উদ্দেশ্যে এ ঘটনা ঘটে।
দৈনিক ইত্তেফাক, ১২ জুন	ধামইরহাট, নওগাঁ	মন্দিরে আগুন	উপজেলার রসপুরে রাতে মন্দিরের একটি অংশ আগুনে পুড়ে যায়। অন্যদিকে বগুড়া শহরের একটি প্রভাবশালী মহল জাল কাগজপত্র তৈরি করে প্রায় ২০০ বছরের পুরনো মন্দিরটি দখলের চেষ্টা করে। বগুড়া প্রেসক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে অভিযোগ করেন অসীম কুমার দত্তসহ কয়েকজন।

সূত্র	ক্ষতিগ্রস্ত এলাকা/গ্রাম	ঘটনার ধরণ	ঘটনার বিবরণ
দৈনিক জনকণ্ঠ, ১২ জুন	বগুড়া	মন্দিরে ভাঙচুর করে দখলের অপচেষ্টা	শহরের কাটনাপাড়া এলাকার ছোট দত্তবাড়ির হরমোহন দত্তের পূজামন্দির দখলের চেষ্টা চালায় এলাকার প্রভাবশালী আব্দুল করিম ও তার দুই ছেলের নেতৃত্বে ১০-১২ জন সন্ত্রাসীর একটি দল।
দৈনিক সংবাদ, ১৫ মে	ফুলপুর, ময়মনসিংহ	হামলা-লুটপাট	উপজেলার থানাসংলগ্ন কাপড় ব্যবসায়ী অসীম রায়ের বাড়িতে হামলা ও লুটপাট চালায় একদল দুর্বৃত্ত। তারা অসীম রায়ের স্ত্রী ও সন্তানকে মারাত্মকভাবে আহত করে ও সাড়ে ৪ লক্ষ টাকা মূল্যের ১০ ভরি স্বর্ণালংকার লুটে নিয়ে যায়। গুরুতর আহত দুজনকে হাসপাতালে ভর্তি করার ৬ দিন পরও লুণ্ঠিত মালামাল উদ্ধার করা যায়নি। এ ব্যাপারে থানায় ৪ জনকে আসামি করে মামলা দায়ের করা হয়েছে। আসামিরা মামলা তুলে নেওয়ার জন্য হুমকি দিয়ে যাচ্ছে।
বাংলাদেশ প্রতিদিন ১৬ জুন	রূপগঞ্জ. নারায়ণগঞ্জ	হামলা	নারায়ণগঞ্জের ভয়ংকর ত্রাস মোরফ বাহিনী নাওরা এলাকার সংখ্যালঘুদের কাছে ১ লক্ষ টাকা চাঁদা দাবি করে। দিতে না পারায় এরা ১১ জন সংখ্যালঘুর হাত-পা ভেঙে দেয় ও ৩ সংখ্যালঘু নারীর সম্ভ্রমহানি করে। নাওরার ৭০টি সংখ্যালঘু পরিবার চরম নিরাপত্তাহীনতায় ভুগছে। প্রশাসন এ ব্যাপারে নীরব। এ ঘটনায় আহত হয় ১১ জন।
দৈনিক ইত্তেফাক, ১৬ জুন	সুজানগর, পাবনা	মন্দিরে হামলা	একদল দুর্বৃত্ত গাবিন্দপুর পালপাড়া গ্রামের কালীমন্দিরে গভীর রাতে হামলা করে কালীমূর্তিসহ ৫টি মূর্তি ভাঙচুর করে। এ ব্যাপারে সুজানগর থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।
দৈনিক সংবাদ, ২০ মে	মিরপুর, ঢাকা	সংখ্যালঘু হত্যা	কালশীর কুর্মিটোলায় উর্দুভাষী বিহারিদের ঘর তালাবদ্ধ করে শিশু, নারী, বৃদ্ধ ও গর্ভবতী দুই নারীসহ ১০ জনকে তালাবদ্ধ করে আগুন দিয়ে ১০ জনকে হত্যা করা হয়। বিহারিপাড়া জুড়ে চলছে আতঙ্ক। এ ঘটনায় আহত হয় ১০ জন।
দৈনিক ইত্তেফাক, ২০ মে	রাজবাড়ী	অবস্থান ধর্মঘট	রাজবাড়ী বাজারে সংখ্যালঘুদের কোটি টাকা মূল্যের জমি দখল করে রাজাকার হিসেবে পরিচিত গোলজার হাজি ও তার সাঙ্গোপাঙ্গরা নির্মাণ করেছে হাজি মার্কেট। এ ব্যাপারে সংখ্যালঘু পরিবারের সদস্য অজিত সাহার নেতৃত্বে অবস্থান ধর্মঘট পালন করা হয়।
অমাদের সময় ২১ জুন	কচুয়া, বাগেরহাট	মন্দিরে আগুন	জোবাই গ্রামের শৈলেন্দ্রনাথ মণ্ডলের পারিবারিক দুর্গামন্দিরে রাতের অন্ধকারে আগুন দেয় দুর্বৃত্তরা। এ ঘটনায় স্থানীয় জামায়াত নেতাকে সন্দেহভাজন হিসেবে গ্রেফতার করা হয়।
দৈনিক ইত্তেফাক, ২২ জুন	কচুয়া, বাগেরহাট	মন্দিরে আগুন	কচুয়া দুর্গামন্দিরে রাতের অন্ধকারে আগুন দেওয়ার ঘটনায় জড়িত থাকার সন্দেহে রফিকুল ইসলাম নামে এক জামায়াত নেতা ও ইউপি সদস্যকে গ্রেফতার করেছে পুলিশ।
দৈনিক জনতা, ২২ জুন	শেরপুর	নির্যাতন	রতন রবিদাসের সঙ্গে একই গ্রামের মুসলিম পরিবারের মেয়ে সুমির প্রেমের ঘটনাকে কেন্দ্র করে ওই গ্রামের ১২০ হিন্দু পরিবার পালিয়ে বেড়াচ্ছে। এ ঘটনায় হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদ দোষীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নিতে প্রশাসনকে অনুরোধ করেছে।
দৈনিক জনকণ্ঠ, ২৩ জুন	গোবিন্দগঞ্জ, গাইবান্ধা	নামজারি	বড়দহ গ্রামের চিত্তলাল সরকারের পৈতৃকসূত্রে প্রাপ্ত জমি ইউপি চেয়ারম্যানের প্যাড ও স্বাক্ষর জাল করে নামজারি করে নিয়েছে এলাকার ভূমিদস্যু আবুল হোসেন ও জাহাঙ্গীর আলম। এক সংবাদ সম্মেলনে ওই বেআইনি নাম খারিজ করে প্রকৃত মালিকের নামে নামজারি করার জন্য প্রশাসনের প্রতি দাবি জানান চিত্তলাল সরকার।
দৈনিক জনকণ্ঠ, ২৪ জুন	ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ	অপহরণ	দত্তপাড়ার অমল রায়ের অষ্টাদশী কন্যা তমা রানী রায়কে প্রকাশ্যে জোরপূর্বক তুলে নিয়ে গেছে ৫-৬ জনের একটি দুর্বৃত্ত দল। মেয়েটির বাবা-মাকে প্রাণে মারার হুমকিও দেওয়া হচ্ছে।
জুলাই			
দৈনিক সংবাদ, ৪ জুলাই	শাঁখারীবাজার, ঢাকা	মন্দির দখল	হেরিটেজ হিসেবে সরকারি নিষেধাজ্ঞা উপেক্ষা করে ভয় দেখিয়ে একটি মন্দির ও একটি বাড়ি দখল করে বহুতল ভবন নির্মাণ করতে যাচ্ছে সরকার সমর্থক একটি প্রভাবশালী মহল।

সূত্র	ক্ষতিগ্রস্ত এলাকা/গ্রাম	ঘটনার ধরণ	ঘটনার বিবরণ
দৈনিক জনকণ্ঠ, ৫ জুলাই	শ্যামনগর, সাতক্ষীরা	হামলা-হুমকি	কুলটুপি গ্রামের জবেদ আলী একই গ্রামের অশ্বিনী মণ্ডলের বাড়ি দখলের জন্য হামলা চালায় ও বাড়ির সম্পদ লুট করে। হামলায় বাড়ির ৪ জন সদস্য গুরুতর আহত হয়। পুলিশ মামলা নেয়নি।
দৈনিক সংবাদ, ৮ জুলাই	মিঠাপুকুর, রংপুর	মিশনারিতে হানা	বলদীপুকুর খ্রিস্টান মিশনারিতে দুর্ধর্ষ ডাকাতি হয়েছে। ডাকাতরা অস্ত্রের মুখে ৩ দারোয়ানকে বেঁধে রেখে ১০ লাখ টাকা লুটে নেয়। পুলিশ কাউকে গ্রেফতার করতে পারেনি।
বাংলাদেশ প্রতিদিন, ৯ জুলাই	মাধবদী, নরসিংদী	হামলা	মৃত সুভাষ চন্দ্র দাসের জমি লিখে না দেওয়ায় ছাত্রলীগ নেতা ইব্রাহিম বাবুল, যুবায়ের, হুমায়ুনসহ তাদের সহযোগী সন্ত্রাসীরা একটি সংখ্যালঘু পরিবারের ওপর হামলা ও লুটপাট চালায়। এক হিন্দু নেতা এ ঘটনার প্রতিবাদ জানালে পুলিশ তাকে আটকে রেখে পরে ছেড়ে দেয়।
দৈনিক জনকণ্ঠ, ৯ জুলাই	ইসলামপুর, জামালপুর	সাংবাদিক লাঞ্ছিত	রৌহারকান্দা পালপাড়ার ২০০ বছরের পুরনো মন্দির জমিসহ দখল করেছে স্থানীয় প্রভাবশালী মাতব্বর মাহবুবুর রহমান। এ ঘটনা দুজন স্থানীয় সাংবাদিক প্রকাশ করলে দর্মকুড়া বাজারে তাদের লাঞ্ছিত করা হয়।
দৈনিক জনকণ্ঠ, ১০ জুলাই	শ্যামনগর, সাতক্ষীরা	জমি দখল	আটুলিয়া গ্রামের ৭টি সংখ্যালঘু পরিবারের ৭৭ বিঘা জমি দখল করে নিয়েছে স্থানীয় প্রভাবশালী আযম লেনিন ও তার বাহিনী। পুলিশ নির্বিকার।
দৈনিক সংবাদ, ১১ জুলাই	মোরেলগঞ্জ. বাগেরহাট	মন্দিরে চুরি	কাঁঠালতলা গ্রামে গভীর রাতে ৩টি মন্দিরের দরজা ভেঙে ভেতরে ঢুকে রাধাকৃষ্ণের পিতলের মূর্তিসহ সব থালাবাসন নিয়ে গেছে দুর্বৃত্তরা।
দৈনিক জনকণ্ঠ, ১১ জুলাই	কচুয়া, বাগেরহাট	হামলা	খলিশাখালী গ্রামের সুভাস দেবনাথের বাড়িতে গভীর রাতে একদল চিহ্নিত সন্ত্রাসী হামলা চালিয়েছে। এরা বাড়ির সবাইকে বের করে দিয়ে বাড়ি ও জমি দখলের চেষ্টা চালায় এবং দেশত্যাগের হুমকি দেয়।
দৈনিক ইত্তেফাক, ১৪ জুলাই	পাটগ্রাম, লালমনিরহাট	বাড়িঘরে হামলা	দুই বিঘা জমি দখলের জন্য স্থানীয় সন্ত্রাসী আবুল হোসেন দলবল নিয়ে বিধবা পুষ্প রানী সেনের গৃহে অগ্নিসংযোগ করে ব্যাপক হামলা চালায়।
দৈনিক ইত্তেফাক, ১৪ জুলাই	উল্লাপাড়া, সিরাজগঞ্জ	মন্দিরে চুরি	এলাকার বলরাম জিউর মন্দিরের শ্রীকৃষ্ণ ও শ্রী বলরামের দেহ থেকে সোনা-রুপার ৯ ভরি গয়না ও কষ্টিপাথরের চণ্ডীমূতি চুরি হয়ে গেছে।
দৈনিক সংবাদ, ১৯ জুলাই	কালকিনী, মাদারীপুর	হামলা, মারধর	ক্রোকিরচর গ্রামে মোবাইল হারানোকে কেন্দ্র করে দীনবন্ধু ঢাকীর পরিবারের ওপর হামলা চালিয়ে ব্যাপক মারধর করেছে নুর শিকদার ও তার দলবল।
দৈনিক সংবাদ, ২৩ জুলাই	বাড্ডা, নীলফামারী	বিবাহ নিবন্ধক নেই	প্রজ্ঞাপন জারির পর দেড় বছর অতিবাহিত হলেও এখানে হিন্দু বিবাহ নিবন্ধক নিয়োগ করা হয়নি। এই সুযোগে বাল্যবিবাহ চলছেই।
দৈনিক সংবাদ, ২৫ জুলাই	কেশবপুর, যশোর	সম্পত্তি দখল	বুড়ুলি গ্রামের ঋষি সম্প্রদায়ের ১০ শতক জমি চুয়াডাঙ্গা গ্রামের প্রভাবশালী আব্দুল হান্নান দখল করে আছে। এ কথা পুলিশকে জানানোর পর হান্নানের লোকজনের হুমকিতে ঋষিরা বাজারে উঠতে পারছে না। শঙ্কায় কাটছে তাদের দিন।
দৈনিক জনকণ্ঠ, ২৫ জুলাই	ধামইরহাট, নওগাঁ	আদিবাসীদের মারপিট	এন্দোয়া দীঘিরপাড় এলাকার ভবেশ বর্মণের এক একর ধানি জমি ও ভিটাজমি দখল করে জমির প্রকৃত মালিকদের একাধিক মামলায় জড়িয়ে হয়রানি করছে প্রভাবশালী মাহফুজ ও হুমায়ুন চৌধুরী। গতকাল ৩১ জন আদিবাসী হাজিরা দিতে গেলে দখলদারদের সন্ত্রাসীরা আদিবাসী পলিতে হামলা ও লুটতরাজ চালায় এ হামলায় আহত হয়েছে ৪ আদিবাসী নারী।
দৈনিক কালেরকণ্ঠ, ২৬ জুলাই	ফটিকছড়ি, চট্টগ্রাম	বাড়িতে হামলা	ফেসবুকে কাবা শরিফের ছবি অবমাননার অভিযোগ তুলে কাঞ্চননগরের বৃন্দাবনপাড়ায় কলেজছাত্র সুজন দেবের বাড়িতে লোকজন হামলা চালায় ও ভাঙচুর করে।
সেপ্টেম্বর			
দৈনিক ইনকিলাব, ২ সেপ্টেম্বর	বিমানবন্দর, বাবুগঞ্জ, বরিশাল	সংখ্যালঘুর বাড়ি দখল	বরিশাল মহানগরীর বিমানবন্দর থানার কাশীপুর এলাকার পুলিন্দনাথ ঘরামির বাড়ি দখল করে নিয়েছে এলাকার প্রভাবশালী একটি মহল। একই সময়ে রহমতপুর বাজার সংলগ্ন শান্তিরঞ্জন মিত্রের বাড়ি দখল করে নিয়েছে স্থানীয় সন্ত্রাসী আবুল হোসেন। এলাকার সংখ্যালঘু পরিবারগুলোর মধ্যে আতঙ্ক বিরাজ করছে।

সূত্র	ক্ষতিগ্রস্ত এলাকা/গ্রাম	ঘটনার ধরণ	ঘটনার বিবরণ
দৈনিক জনকণ্ঠ, ২ সেপ্টেম্বর	সাতক্ষীরা	জেল গেট থেকে অপহৃত	কোনো মামলার এফআইআরভুক্ত আসামি না হলেও জমি নিয়ে জামায়াত-বিএনপি নেতাদের সঙ্গে বিরোধের জের ধরে বিচারাধীন ১৬টি মামলায় গত ৬ বছর জেলে থাকার পর উচ্চ আদালত থেকে জামিনে মুক্তি পেয়ে জেল গেট থেকে অপহৃত হয়েছেন মহিতোষ হাজরা। ডিবি পুলিশের পরিচয় দিয়ে ২৬ আগস্ট তাঁকে অপহরণ করা হয়েছে।
দৈনিক সংবাদ, ৪ সেপ্টেম্বর	চাঁপাইনবাবগঞ্জ	আদিবাসী নেত্রীর সম্ভ্রমহানি	জিনারপুরে আদিবাসী ওঁরাওদের জমি দখলকে কেন্দ্র করে ধর্ষিত হয়েছেন এক ওঁরাও নেত্রী। ভূমিদস্যুদের হাত থেকে নিজের জমি রক্ষা করতে গিয়ে নির্যাতন ও ধর্ষণের শিকার হন তিনি।
দৈনিক জনকণ্ঠ, ৮ সেপ্টেম্বর	ভাঙ্গা, ফরিদপুর	সংখ্যালঘু পরিবার উচ্ছেদ	উপজেলার ভদ্রকান্দা মৌলভীডাঙ্গী গ্রামে মৃত সুধন্য মণ্ডলের স্ত্রী-পুত্রকে বসতবাড়ি থেকে উচ্ছেদ করে দিয়েছে ভূমিদস্যু নাসিরউদ্দিন মণ্ডল। তারা এই পরিবারের অন্যান্য জমিজমা দখলেরও চেষ্টা চালাচ্ছে।
দৈনিক জনকণ্ঠ, ৮ সেপ্টেম্বর	মোহনগঞ্জ, নেত্রকোনা	বাড়ি, ব্যবসা প্রতিষ্ঠান ভাঙচুর	শনিবার রাতে বড়তলী গ্রামে মধুচন্দ্র সরকারের দোকান ও বসতবাড়িতে হামলা ও ভাঙচুর করেছে বিএনপি নেতা মাহবুবুল আলম রানার নেতৃত্বে একটি সন্ত্রাসী দল। এই হামলায় একই পরিবারের ৫ জন আহত হয়।
দৈনিক সমকাল/ইত্তেফাক/ আমাদের সময়, ৮ সেপ্টেম্বর	খোকসা (কুষ্টিয়া) ও মোহনগঞ্জ (নেত্রকোনা)	বাড়িতে হামলা	খোকসার মাছুয়াঘাটা গ্রামের শ্রীকর্ণের বাড়িতে শনিবার গভীর রাতে হামলা চালায় একদল মুখোশধারী দুর্বৃত্ত। তারা মারধর ও ব্যাপক ভাঙচুর চালায়। একই সময়ে মোহনগঞ্জের সাবেক মেম্বার মধু সরকারের বাড়িতে হামলা চালিয়ে দোকানপাট ভাঙচুর করে ইউপি চেয়ারম্যান মাহবুবুল আলম খান ও তার বাহিনী। চেয়ারম্যান মাহবুবুল আলম খানকে গ্রেফতার করেছে পুলিশ।
দৈনিক জনকণ্ঠ/ইত্তেফাক/ সমকাল, ১০ সেপ্টেম্বর	লালমনিরহাট	সংখ্যালঘুর বাড়িতে হামলা	এক লাখ টাকা চাঁদার দাবিতে সোমবার সদর উপজেলার নীচুপাড়া গ্রামের রাজেন্দ্রনাথ ও রণজিৎ বর্মণের ওপর চড়াও হয় স্থানীয় সন্ত্রাসী মোকছেদুল ও এনামুলসহ তাদের সন্ত্রাসী বাহিনী। তারা ব্যাপক মারধর ও ভাঙচুর চালায়। তাদের হামলায় ৩ জন আহত হয়।
দৈনিক জনকণ্ঠ, ১৫ সেপ্টেম্বর	বাঁশখালী, চট্টগ্রাম	সংখ্যালঘু ঘরছাড়া	সন্ত্রাসী ও চাঁদাবাজদের বিরুদ্ধে মামলা করে এখন পালিয়ে বেড়াচ্ছে উপজেলার কোকদণ্ডী গ্রামের শুধাংশু বিমল ধর। সন্ত্রাসীরা ঘরবাড়িতে হামলার হুমকি দিয়ে যাচ্ছে।
দৈনিক জনকণ্ঠ, ১৬ সেপ্টেম্বর	ভোলা	প্যান্ডেলে হামলা	ভোলা শহরের বীরেন্দ্র বিজয় রায়চৌধুরীর বাড়ির মন্দিরে দুর্গাপূজার প্যান্ডেলে সোমবার সকালে স্থানীয় সন্ত্রাসী ইউনুসের লোকজন হামলা চালায় ও মন্দিরের সেবাইতকে মারধর করে। এ সময় স্থানীয় সাংবাদিকরা ছবি তুলতে গেলে তাদেরও ক্যামেরা ভাঙচুরের চেষ্টা চালানো হয়।
দৈনিক সংবাদ, ১৩ সেপ্টেম্বর	পীরগঞ্জ, রংপুর	উচ্ছেদের হুমকি	পীরগঞ্জের এক বিধবা নারী বেলা রানী সাহার দোকানঘর জবরদখল করে তাকে উচ্ছেদ করে বসতভিটা দখলের হুমকি দিয়েছে স্থানীয় সন্ত্রাসী জালাল। বেলা রানী এখন নিরাপত্তাহীনতায় ভুগছে।
আমাদের সময়, ২০ সেপ্টেম্বর	নাটোর	প্রতিমা ভাঙচুর	জোয়ারী বাজারের একটি সর্বজনীন দুর্গামণ্ডপে নির্মাণাধীন দুর্গাপ্রতিমা ভাঙচুর করেছে দুর্বৃত্তরা।
দৈনিক সংবাদ/সমকাল, ২১ সেপ্টেম্বর	সিরাজগঞ্জ-কুমিল্লা	মণ্ডপে হামলা-ভাঙচুর	সিরাজগঞ্জের রায়গঞ্জ উপজেলার পারকোদলা শ্রীশ্রী কালীমন্দিরের দুর্গা প্রতিমা রাতের আঁধারে ভাঙচুর করেছে একদল দুর্বৃত্ত। অন্যদিকে একই দিনে কুমিল্লার মনোহরগঞ্জ উপজেলার দাসপাড়া পূজামণ্ডপে রাতের আঁধারে প্রতিমা ভাঙচুর করেছে দুর্বৃত্তরা।
দৈনিক ইত্তেফাক/ ইনকিলাব, ২২ সেপ্টেম্বর	ব্রাহ্মণবাড়িয়া	হামলা	জমি নিয়ে বিরোধের জের ধরে সদর উপজেলার উলচাপাড়া গ্রামে তাপস মিত্রের বাড়িতে হামলা করে ব্যাপক ভাঙচুর ও মারধর করেছে সন্ত্রাসী ফয়েজ আহমেদ ও তার লোকজন। এতে ৫ জন আহত হয়। পরিবারটি আতঙ্কিত।
ডেইলি স্টার / সমকাল /সংবাদ ২২ সেপ্টেম্বর	ফরিদপুর-শেরপুর	প্রতিমা ভাঙচুর	ফরিদপুরের ভাঙ্গা উপজেলার পালপাড়া দুর্গামন্দিরে ঢুকে গভীর রাতে দুর্গা প্রতিমা ভাঙচুর করেছে দুর্বৃত্তরা। একই দিনে শেরপুরের ঝিনাইগাতীতে দুর্গা প্রতিমা ভাঙচুরের ঘটনায় সীমান্ত অঞ্চলের হিন্দুদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে।
দৈনিক ইত্তেফাক, ২৩ সেপ্টেম্বর	মুক্তাগাছা, ময়মনসিংহ	প্রতিমা ভাঙচুর	শহরের অদূরে মুজাটি বটতলা গ্রামের কালীমন্দিরে ঢুকে গভীর রাতে অজ্ঞাতপরিচয় দুর্বৃত্তরা একটি মুর্তি ভাঙচুর করেছে।
দৈনিক জনকণ্ঠ, ২৩ সেপ্টেম্বর	শ্যামনগর, সাতক্ষীরা	আদিবাসীদের জমি দখল	উপজেলার ধুমঘাট গ্রামে বসবাসরত আদিবাসী অনিল মুণ্ডার ২৭ শতক জমি হামলা-নির্যাতন করে দখল করে নিয়েছে স্থানীয় সন্ত্রাসী আবুল কাশেম সরদারসহ তার সহযোগীরা।

দীপঙ্কর গৌতম: সাংবাদিক
ইমেইল: dipongker@yahoo.com